

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(কাস্টমস ও মূল্য সংযোজন কর)
প্রজ্ঞাপন

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ/ ০৮ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং- ১৬৯-আইন/২০২৬/২৪/কাস্টমস। সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২৫ এর উপ-ধারা (১) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, উক্ত আইনের প্রথম তফসিলে ভুক্ত নিম্নবর্ণিত TABLE এর কলাম (১) এ বর্ণিত Heading এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত H.S. Code এবং কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূহের উপর আরোপণীয় কাস্টমস ডিউটি যে পরিমাণে কলাম (৪) এ বর্ণিত হারের অতিরিক্ত হয় সেই পরিমাণ, রেগুলেটরি ডিউটি ও সম্পূরক শুল্ক, যদি থাকে, হইতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা:-

TABLE

Heading	H.S. Code	Description	CD
(1)	(2)	(3)	(4)
35.06	3506.91.90	Adhesive (Medical Grade)	15
39.17	3917.23.90	FEP/Teflon tube	5
	3917.40.00	Silicone tube	5
39.19	3919.90.10	Self adhesive tape in rolls exceeding 20cm	15
39.20	3920.43.00	PVC sheet for blood bag (Medical Grade)	15
	3920.49.30	PVC film and PVDC Film	5
	3920.92.90	Unprinted nylon film in roll	5
39.26	3926.90.99	Polytetrafluoroethylene (PTFE) Membrane for Mask	0
40.01	4001.10.00	Natural Rubber latex (Medical Grade)	5
40.09	4009.11.00	Tubes and pipes	15
48.02	4802.57.00	Other paper or paperboard weighing 40 g/m ² or more but not more than 150 g/m ²	15
84.81	8481.40.19	Auto safety valve	5
	8481.80.29	Solenoid valve	5
85.16	8516.90.00	Heater coil	5
90.18	9018.32.00	Tubular Metal Needles & Needles for Sutures	5
	9018.39.90	Blood collection needle (Medical Grade)	5
	9018.39.90	Hubs & Caps for Needle Cannula	5

শর্তাবলি:

- (১) আমদানিকারক প্রতিষ্ঠানকে অবশ্যই Industrial IRC holder VAT compliant চিকিৎসা যন্ত্রপাতি ও যন্ত্রাংশ উৎপাদনকারী (Medical Device Manufacturer) হইতে হইবে;

ব্যাখ্যা।-

- (অ) “Industrial IRC holder” অর্থ এইরূপ প্রতিষ্ঠান যাহার নিকট আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর হইতে ইস্যুকৃত হালনাগাদ শিল্প ভোক্তা (Industrial Consumer) আইআরসি রহিয়াছে;
- (আ) “VAT compliant” অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর অধীন নিবন্ধিত নিয়মিত দাখিলপত্র (রিটার্ন) দাখিল করে এইরূপ উৎপাদনকারী প্রতিষ্ঠান;
- (২) বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল কর্তৃপক্ষ (BEPZA), বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (BEZA), বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষ অথবা আইন বলে প্রতিষ্ঠিত অন্য যে কোনো কর্তৃপক্ষের নিয়ন্ত্রণাধীন শিল্প প্রতিষ্ঠান যাহাদের জন্য শিল্প ভোক্তা আইআরসি গ্রহণের বাধ্যবাধকতা নাই সেইরূপ ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত আমদানি অনুমতিপত্র দাখিল করিতে হইবে;
- (৩) এই প্রজ্ঞাপনের আওতায় পণ্য আমদানি ও খালাসের লক্ষ্যে প্রতিষ্ঠানটির হালনাগাদ নবায়নকৃত শিল্প ভোক্তা আইআরসি রহিয়াছে এবং ১৩ ডিজিট সম্বলিত মূল্য সংযোজন কর (মুসক) নিবন্ধিত প্রতিষ্ঠানটি বিবেচ্য বিল অব এন্ট্রি দাখিলের অব্যবহিত পূর্ববর্তী মাসের মুসক দাখিলপত্র (রিটার্ন) দাখিল করিয়াছে মর্মে কাস্টমস কম্পিউটার সিস্টেমে বা ভ্যাট অনলাইন সিস্টেমে বা জাতীয় রাজস্ব বোর্ড এর ওয়েবসাইটে বা ভ্যাট কমিশনারেট এর ওয়েবসাইটে ইলেকট্রনিক তথ্য প্রদর্শিত থাকিতে হইবে:
- তবে শর্ত থাকে যে, কোনো ধরনের দৈব-দুর্বিপাক বা কোনো যৌক্তিক কারণে ইলেকট্রনিক তথ্য পাওয়া সম্ভব না হইলে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস প্রতি ক্ষেত্রে কারণ লিপিবদ্ধ করিয়া শুল্কায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিতে পারিবে;
- (৪) এই প্রজ্ঞাপনে উল্লিখিত যন্ত্রাংশ বা উপকরণ আমদানি করিয়া অনুমোদিত উপকরণ-উৎপাদ সহগ মোতাবেক চিকিৎসা যন্ত্রপাতি ও যন্ত্রাংশ উৎপাদন করা হইতেছে কিনা তাহা সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেটের কমিশনার তাহার অধীনস্থ যুগ্ম-কমিশনারের নিম্নে নহেন এইরূপ কোনো কর্মকর্তার নেতৃত্বে সংশ্লিষ্ট ভ্যাট বিভাগীয় কর্মকর্তা ও সদর দপ্তরে কর্মরত সহকারী বা ডেপুটি কমিশনারের সমন্বয়ে গঠিত কমিটি কর্তৃক প্রতি ৬ (ছয়) মাস অন্তর সরেজমিনে পরিদর্শন করিয়া নিশ্চিত করিবেন;
- (৫) কোনো উৎপাদনকারী এই প্রজ্ঞাপনের শর্ত লঙ্ঘন করিলে এবং উক্ত লঙ্ঘন জনিত কারণে রাজস্ব ক্ষতি হইলে সেইক্ষেত্রে তাহার বিরুদ্ধে কাস্টমস আইন ও

মূল্য সংযোজন কর আইনের বিধান অনুযায়ী ও প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট অন্যান্য আইন মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইবে; এবং

(৬) এই প্রজ্ঞাপনে উল্লিখিত পণ্যের বর্ণনা (description) ও H.S. Code এর মধ্যে কোনোরূপ সংশয় তৈরি হইলে সেই সকল ক্ষেত্রে পণ্যের বর্ণনা প্রাধান্য পাইবে।

২। ১০ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ মোতাবেক ২৪ মে, ২০২১ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ১১৭-আইন/২০২১/০৬/কাস্টমস এতদ্বারা রহিত করা হইল।

৩। এই প্রজ্ঞাপন ১১ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব।